



তারিখঃ ১৪/১২/২০২২

২০২১ সালের অনার্স ৩য় বর্ষ (নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন) পরীক্ষার
ফরম পূরণের বিজ্ঞপ্তি

পরীক্ষার্থীদের ফরম পূরণের জন্য প্রদেয় ফিসের বিবরণঃ

ক্রমিক নং	বিষয়ের নাম	কলেজের ব্যাংক কাউন্টারে টাকা জমা দেওয়া ও পুরণকৃত ফরম জমাদানের তারিখ	নিয়মিত	অনিয়মিত (বিগত বছরে যারা ফরম পূরণ করেনি)	অনিয়মিত (বিগত বছরে যারা ফরম পূরণ করেছে) ও গ্রেড উন্নয়ন
১	হিসাববিজ্ঞান	০৮/০১/২৩	৫৩১০/-	ফরমে উল্লিখিত টাকা + ৩২১০/	ফরমে উল্লিখিত টাকা + ৫০৫/-
২	ব্যবস্থাপনা	১০/০১/২৩			
৩	ফিন্যান্স এন্ড ব্যাংকিং	১১/০১/২৩			
৪	মার্কেটিং				
৫	সকল বিষয় (অনিয়মিত ও গ্রেড উন্নয়ন)	১৫/০১/২৩	-		

আবেদন ফরম, বিবরণী ফরম, ফি জমার ফরম সংগ্রহ ও অন্যান্য নিয়মাবলী :

১। অনলাইনে আবেদন ফরম পূরণ :

আবেদনকারীকে নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nubd.info/honours - এ গিয়ে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে আবেদন ফরম যথাযথ ভাবে পূরণ এবং ডাউনলোড করে প্রিন্ট কপি সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে ফিসহ স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।

২। পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী :

ক) নিয়মিত: ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী শুধুমাত্র ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থীরা যারা ২০২০ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে এবং তৃতীয় বর্ষের শিক্ষাক্রম সম্পন্ন করেছে তাদের ডাটা ওয়েবসাইট-এ দেয়া আছে কেবল মাত্র সে সকল শিক্ষার্থীরা ২০২১ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

খ) অনিয়মিত: ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী (সেশন ২০১৫-১৬, ২০১৬-১৭ ও ২০১৭-১৮) ইতোপূর্বে অনার্স ২য় বর্ষ পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে অনার্স তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে প্রমোটেড বা উত্তীর্ণ হয়নি, সে সকল শিক্ষার্থী ২০২১ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে তাদের অনুত্তীর্ণ কোর্সসমূহে অংশগ্রহণ করবে।

গ) গ্রেড উন্নয়ন: জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী ইতোপূর্বে (২০১৭, ২০১৮, ২০১৯, ২০২০) সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বর্ষে উত্তীর্ণ/ প্রমোটেড হয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে 'I' গ্রেড প্রাপ্ত হয়েছে বা কোন একটি পত্র অনুপস্থিত রয়েছে তাদের সে সকল কোর্সের পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এ ছাড়াও ২০২০ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় একজন শিক্ষার্থী এক বা দুটি কোর্সে C বা D গ্রেড পেয়েছে তারা ঐ সকল কোর্সে ২০২১ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে একজন পরীক্ষার্থী সর্বোচ্চ দুইটি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় বা পরীক্ষায় অংশগ্রহণ না করে তাহলে ঐ কোর্সে তাঁর পূর্বের গ্রেড বহাল থাকবে।

অনার্স পাঠ্যসূচী (Syllabus) :

- ক) জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী ২০২১ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- খ) তৃতীয় বর্ষ থেকে চতুর্থ বর্ষে প্রমোশনের ন্যূনতম যোগ্যতা :
 - তৃতীয় বর্ষ থেকে চতুর্থ বর্ষে প্রমোশনের জন্য শিক্ষার্থীকে সকল পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। সকল বিষয়ে অংশগ্রহণ করে কমপক্ষে চারটি তৃতীয় কোর্সে D বা এর বেশি গ্রেড অর্জন করতে হবে তৎসঙ্গে ব্যবহারিক কোর্সে উত্তীর্ণ হতে হবে।
 - ০১ টি কোর্সে অনুপস্থিত থেকে অন্যান্য সকল কোর্সে D গ্রেড বা এর বেশি গ্রেড পেলে তার ফলাফল Conditional promoted হবে। এক্ষেপ শিক্ষার্থীরা ২০২১ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় উক্ত অনুপস্থিত কোর্সে অবশ্যই অংশগ্রহণ করতে হবে।
 - একের অধিক কোর্সে অনুপস্থিত হলে অথবা একটি কোর্সে অনুপস্থিত থেকে অন্য একটি কোর্সে 'I' গ্রেড পেলে Promotion হবে না, তার ফলাফল Not promoted হবে।
 - Promoted /Not promoted প্রাপ্ত শিক্ষার্থীরা পরবর্তী বছর অনুপস্থিত পত্র ও 'I' গ্রেড পাওয়া কোর্স/কোর্সসমূহে পরীক্ষা দেবে এবং একই সাথে C এবং D গ্রেড প্রাপ্ত (সর্বোচ্চ দু'টি) কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে।
 - সংশোধিত পরীক্ষা রেগুলেশন অনুযায়ী একজন পরীক্ষার্থী 'I' গ্রেড পাওয়া কোর্স/কোর্সসমূহে উচ্চতর গ্রেডে উন্নয়নের জন্য রেজিস্ট্রেশন মেয়াদে (শুরু থেকে সাত শিক্ষাবর্ষের মধ্যে) অবশ্যই D বা উচ্চতর গ্রেডে উন্নীত করতে হবে। 'I' গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে সে ক্ষেত্রে গ্রেড উন্নয়নের সুযোগ থাকবে না। 'I' গ্রেড প্রাপ্ত কোর্স/কোর্সসমূহে পরবর্তীতে পরীক্ষার মাধ্যমে উন্নীত করার ক্ষেত্রে ফলাফল যাই হোক না কেন একজন পরীক্ষার্থী সর্বোচ্চ B+ গ্রেড এর বেশি প্রাপ্ত হবে না।
 - ইন-কোর্স ও ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নীত করণের কোন সুযোগ নাই।

(Signature)
প্রফেসর কার্তিক চন্দ্র মজল (৬০৬৪)
অধ্যক্ষ
আযম খান সরকারি কন্সার্স কলেজ
খুলনা।

১৪/১২/২২